



## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মুলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

৯ আগস্ট' ২০২৩ খ্রি.

### প্লাস্টিক-পলিথিনের প্যাকেজিং বাড়াচ্ছে জলাবদ্ধতা: মেয়র

নালা-খালে অবাধে প্লাস্টিক-পলিথিন আর কর্কশিট নিক্ষেপ চট্টগ্রামের জলাবদ্ধতা সমস্যাকে তীব্র করে তুলছে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

বুধবার ঢাকাই খালের চামড়া গুদাম ব্রিজের নিচে বাঁধে চলমান জলাবদ্ধতা নিরসন কার্যক্রম পরিদর্শনকালে এ মন্তব্য করেন তিনি।

মেয়র বলেন, জনগণ সচেতন হওয়ায় নগরীতে আবাসিক এলাকার বর্জ্য ব্যবস্থাপনা এখন অন্য যে কোন সময়ের চেয়ে সুশঙ্খলভাবে চলছে। তবে, অনেক ব্যবসায়িক প্রতিষ্ঠান প্লাস্টিক-পলিথিনের প্যাকেজিং ব্যবহার করছে এবং সেসব প্যাকেজিং যথাযথভাবে চসিকের কাছে পৌছাচ্ছেন। যেমন অনেক দোকান ওয়ান টাইম কাপ ও পলিথিনের প্যাকেজিং এর পণ্য বিক্রি করছে। সে পণ্য ব্যবহারের পর দোকানে বিন না থাকায় প্যাকেজিংটি দোকানদার ও সাধারণ মানুষ সরাসরি রাস্তা বা নালায় ফেলছে। এসমস্ত প্যাকেজিং প্রোডাক্ট অপচনশীল হওয়ায় তা নালায় জমে জলাবদ্ধতার তীব্রতা বাড়াচ্ছে। এজন্য শীত্রই যেসমস্ত ব্যবসা প্রতিষ্ঠান ময়লার বিন না রেখে দোকানের ময়লা সরাসরি নালায় ফেলছে তাদের বিরুদ্ধে অভিযান পরিচালনা করা হবে।

এসময় মেয়রের সাথে কাউপিল হাজী নুরুল হকের মাধ্যমে এলাকাবাসী ওয়ার্ডের বিভিন্ন সমস্যা তুলে ধরলে মেয়র কর্মকর্তাদের তা সমাধানে মৌখিক নির্দেশনা দেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার  
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮